ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভাণ্ডার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভাণ্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০১২.২৪ নথির বিষয়: Repairing of water line at Pagla Staff Quarters under Store Division, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: **Repairing of water line at Pagla Staff Quarters under Store Division, Dhaka WASA**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৭/২৪ ৩:৪৩ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভাণ্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভাণ্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভাণ্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভাণ্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ সংলগ্ন পাগলা স্টাফ কোয়ার্টার্সে মোট ১০(দশ) টি আবাসিক ভবন ও একটি মসজিদ রয়েছে। ৩(তিন) তলা বিশিষ্ট ১০(দশ) টি আবাসিক ভবনে সর্বমোট ৭৪(চুয়াত্তর)টি ফ্লাট রয়েছে। উক্ত আবাসিক ভবনসমূহে ভাণ্ডার বিভাগ, পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ ও ঢাকা ওয়াসার বিভিন্ন অফিসে কর্মরত কর্মচারীগণ বসবাস করছে। উক্ত আবাসিক ভবনসমূহের ছাদের উপর স্থাপিত ১০(দশ) টি পানির ট্যাংকে কিছু ফিটিংস ম্যাটেরিয়ালস নষ্ট হয়ে যাওয়ায় স্টাফ কোয়ার্টারের বাসিন্দাগণ বর্তমানে পানির সমস্যায় ভুগছেন। উক্ত পানির সমস্যা সমাধানে দৈনিক মজুরি ভিত্তিক শ্রমিক নিয়োজিত করে ফ্লোটিং ভাল্ব, পাইপ, সকেট, থ্রেডটেপ ও নিপল সংগ্রহ পূর্বক স্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৭/২৪ ৩:৪৩ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে "Repairing of water line at Pagla Staff Quarters under Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-২) প্রস্তুত করা হ'ল। পিডব্লিউডি-২০২২ (সংশোধিত) দরের ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৩,৫৪০.০০ (তেইশ হাজার পাঁচ শত চল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার ভাণ্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের আবাসিক দালান রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০৪-০০৬) হতে বহন করা হবে (সংযুক্তি: ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দের কপি)। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দের কপি.
২। প্রাক্কলন.
৩। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/৭/২৪ ৩:৪৪ অপরাহ্ন

Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

৯/৭/২৪ ৩:৫১ অপরাহ্ণ পলি সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	১০/৭/২৪ ৪:২২ অপরাহ্ণ মোঃ হুমায়ুন হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	১১/৭/২৪ ১০:৩৮ পূর্বাহ্ণ মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	~~১১/৭/২৪ ১০:৩৮ পূর্বাহ্ণ~~ ~~মুস্তাফিজুর রহমান~~ ~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১১/৭/২৪ ৫:৩৬ অপরাহ্ণ

Okay

১১/৭/২৪ ৫:৩৭ অপরাহ্ণ মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৪/৭/২৪ ১০:৫৮ পূর্বাহ্ণ মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	১৪/৭/২৪ ১১:৪১ পূর্বাহ্ণ মোঃ হুমায়ুন হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	১৪/৭/২৪ ১১:৪১ পূর্বাহ্ণ পলি সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ